সমকাল

তারিখ 21 OCT 2015
পৃষ্ঠা ৩ কলাম ২



মঙ্গলবার রাজধানীতে ইস্টার্ন ইউনিভার্সিটির ধানমণ্ডি ক্যাম্পাসে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবদুর রব, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরীসহ অতিথিরা ■ ছবি: সমকাল

## ১৪০০ শিক্ষার্থীকে ইস্টার্ন ইউনিভার্সিটির সংবর্ধনা

■ সমকাল প্রতিবেদক

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত ১৪০০ শিক্ষার্থীকে সংবর্ধনা দিয়েছে ইস্টার্ন ইউনিভার্সিটি। গতকাল মঙ্গলবার রাজধানীতে ইস্টার্ন ইউনিভার্সিটির ধানমণ্ডি ক্যাম্পাসে আয়োজিত এ সংবর্ধনা অনুষ্ঠানে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেন, শিক্ষা শুধু চাকরির জন্য নয়, শিক্ষা জীবনের জন্য। জাতিকে ভবিষ্যতে সব ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য যোগ্য হিসেবে 'গড়ে তুলতে ছাত্রছাত্রীদের প্রতি তিনি আহ্বান জানান।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবদুর রবের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## ১৪০০ শিক্ষার্থীকে

[তৃতীয় পৃষ্ঠার পর]

চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরী, ঢাকা ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক শাকির আমিন চৌধুরী, আইএফআইসি ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ফরিদ উদ্দিন আল মামুন, বিশ্ববিদ্যালয়ের বোর্ড সদস্য আজিজুল ইসলাম, উপ-উপাচার্য আবদুল হান্নান চৌধুরী, ঢাকা ইম্পেরিয়াল কলেজের অধ্যক্ষ ওয়ালি উল্লাহ, সালেহ স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ নজরুল ইসলাম প্রমুখ।

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরী বলেন, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইস্টার্নের সমঝোতা চুক্তি রয়েছে। ফলে শিক্ষার্থীরা বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বৃত্তি নিয়ে অধ্যয়নের সুযোগ পাবেন। অনুষ্ঠানে ঢাকা ব্যাংক ও আইএফআইসি ব্যাংকের পক্ষ থেকে প্রত্যেক ছাত্রছাত্রীকে সম্মাননা ক্রেস্ট ও উপহার দেওয়া হয়।